



রূপালী ব্যাংক লিমিটেড

RUPALI BANK LIMITED

প্রধান কার্যালয়ঃ রূপালী ভবন, ৩৪ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
টেলিফোনঃ পিএবি এক্স নং ৯৫৫১৫২৫, ৯৫৫১৬২৪-২৫, ৯৫৫২১৬৩, সরাসরি ৯৫৫২৪৮১, ৯৫৫২৬৩১

কেন্দ্রীয় হিসাব বিভাগ

সূত্র নং- প্রকা/কেহিবি/০৬

তারিখঃ ২৪-০৫-২০১১ইং

উপ মহাব্যবস্থাপক
রূপালী ব্যাংক লিঃ
আঞ্চলিক কার্যালয়
.....

বিষয়ঃ একীভূত সাপ্তাহিক বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ দ্রুততম সময়ে ব্যাংকের সার্বিক কর্মকান্ড তদারকি করার সিদ্ধান্ত গ্রহন করেছেন। এ লক্ষ্যে অঞ্চলসমূহকে প্রতি সপ্তাহে একীভূত সাপ্তাহিক বিবরণী প্রেরণের নির্দেশ প্রদান করেছেন। সে মোতাবেক শাখা হতে প্রাপ্ত তথ্যানুযায়ী নিম্নে বর্ণিত ছক মোতাবেক একীভূত বিবরণী প্রস্তুত করে প্রতি সপ্তাহের শেষ দিনের অর্থাৎ বৃহস্পতিবারের বিবরণী রবিবার বিকাল ৩ ঘটিকার মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখা সমূহ বিবরণী সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ করবেন। বিবরণীসমূহ অত্র বিভাগের ই-মেইল cad@rupalibank.org অথবা ফ্যাক্স নং ০২-৭১৭৩৩৭৫ এর মাধ্যমে প্রেরণ করতে হবে। অনিবার্য কোন কারণে ইমেইল অথবা ফ্যাক্স -এর মাধ্যমে বিবরণী প্রেরণ করা সম্ভব না হলে অত্র বিভাগের টি এন্ড টি ফোন নং- ৯৫১৪৫৬০, জনাব প্রশান্ত কুমার সাহা, মোবাইল নং- ০১৭১২৬০০৯১০ এবং জনাব মোঃ জাহিদুল ইসলাম মোবাইল নং ০১৭১৯৭৬৬০০৩ এর মাধ্যমে বিবরণী প্রেরণ করতে হবে। উল্লেখ্য বাংলাদেশ ব্যাংকে প্রেরিতব্য সাপ্তাহিক বিবরণী ৮৯-বি যথারীতি পরবর্তী সপ্তাহের রবিবারের মধ্যে প্রেরণ করতে হবে।

উপরোক্ত সময়সীমার মধ্যে কোন অঞ্চল বিবরণী প্রেরণ করতে ব্যর্থ হলে উক্ত অঞ্চল বাদেই একীভূত বিবরণী পরবর্তী সপ্তাহের সোমবার সকাল ১০ ঘটিকার মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে। সেক্ষেত্রে বিবরণী প্রেরণ না করার দায়-দায়িত্ব অঞ্চল প্রধানের উপর বর্তাবে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত

(গাজী মোঃ আমীর হোসেন)
উপ মহাব্যবস্থাপক

ছক

একীভূত সাপ্তাহিক বিবরণী

সপ্তাহ শেষের তারিখঃ

(লক্ষ টাকায়)

শাখার নাম	মোট আমানত (ইন্টারেস্ট সাসপেন্স ব্যতীত)	মোট ঋণ ও অগ্রিম	আমদানী ব্যবসা		রপ্তানী ব্যবসা	ফরেন রেমিটেন্স	নগদ আদায়	
			বৈদেশিক	স্থানীয়			শ্রেণীকৃত ঋণ হতে আদায়	অবলোপনকৃত ঋণ হতে আদায়
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯